

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১২৪ (আগরতলা ১৬।০৪)

খোয়াই, ১৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪
খোয়াই ও তেলিয়ামুড়া মহকুমায় ইভিএম কমিশনিং

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে গতকাল খোয়াই মহকুমা শাসক কার্যালয় এবং তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে ইভিএম মেশিন কমিশনিংয়ের কাজ সম্পন্ন হয়েছে। খোয়াই ও তেলিয়ামুড়া মহকুমার ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি (এসটি), ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া এবং ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের ৩০৭টি পোলিং স্টেশনের জন্য ৫৯৩টি ইভিএম মেশিনের কমিশনিং করা হয়েছে। কমিশনিংয়ের কাজ পর্যবেক্ষণের জন্য ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত সাধারণ পর্যবেক্ষক ভাস্কর কাটামনেনি গতকাল কমিশনিং সেন্টারগুলি পরিদর্শন করেন। কমিশনিংয়ের সময় খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন ছাড়াও বিধানসভা ক্ষেত্রগুলির এআরওগণ উপস্থিত ছিলেন।
